




ISO 9001:2015 Certified

পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি
কালিকাপুর, পটুয়াখালী।

ফোনঃ ০৪৪১-৬২২২০, E-mail: patuakhali.pbs@gmail.com WEB: www.pbs.patuakhali.gov.bd

স্মারক নং- ২৭.১২.৭৮৯৫.৫৪০.০৯.০৩৫.২২. ৭৯৬

তারিখঃ ০৫ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ।
২০/০৮/২০২২ খ্রিষ্টাব্দ।“প্রশিক্ষণ বিজ্ঞপ্তি”**বিষয়ঃ মিনি ঠিকাদারী প্রতিষ্ঠানের লোকবলের প্রশিক্ষণ কর্মসূচী প্রসঙ্গে।**

সূত্রঃ (১) বাপবিবোর্ডের স্মারক নং-২৭.১২.০০০০.০২৯.৭২.৮৫২.২২.১০৪, তাং- ০২/০৮/২০২২ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অত্র সমিতির সদর দপ্তরের প্রশিক্ষণ রুমে আগামী ০৪/০৯/২০২২ খ্রিঃ হতে মিনি ঠিকাদারী প্রতিষ্ঠানের লোকবলের (সুপারভাইজার/লাইনম্যান) “পবিস বিতরণ লাইন নির্মাণ (টিসি-২৪০)” শীর্ষক প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা হয়েছে। নিম্নোক্ত শর্ত স্বাপেক্ষে আগ্রহী মিনি ঠিকাদার প্রতিষ্ঠান সমূহে নির্ধারিত তারিখের মধ্যে আবেদনসহ মনোনীত সুপারভাইজার ও লাইনম্যান-কে প্রেরনের জন্য অনুরোধ করা হলো।

শর্তাবলীঃ

- ০১। ক্লাইমিং কাজে অসামর্থ প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ গ্রহণে অযোগ্য বিবেচিত হবেন।
- ০২। প্রত্যেক প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ ফি বাবদ ৪,০০০.০০ (চার হাজার) টাকা ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/নগদ “পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতির “অনুকূলে আগামী ২৮/০৮/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে জমা দিতে হবে।
- ০৩। প্রশিক্ষণার্থীগণ প্রশিক্ষণ পরিদপ্তর কর্তৃক প্রেরিত ফরম নং প্রপফ-০২৯-০০১, ভার্সন-২, তারিখ ২৬/১১/২০১৩ খ্রিঃ “Trainee’s Personal Data Form” পবিস হতে সংগ্রহ পূর্বক যথাযথভাবে পূরণ করে আগামী ২৮/০৮/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতিতে জমা প্রদান করতে হবে।
- ০৪। প্রশিক্ষণার্থীকে প্রতিষ্ঠানের সত্বাধিকারী কর্তৃক পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি এবং স্ট্যাম্প সাইজের এক কপি রজিন ছবি ও “Trainee’s Personal Data Form” এর সঙ্গে জমা দিতে হবে।
- ০৫। প্রশিক্ষণে অংশগ্রহনকারী ঠিকাদারী প্রতিষ্ঠানের লোকজনকে অবশ্যই ডাক্তার কর্তৃক শারীরিক সক্ষমতার সার্টিফিকেট সংগ্রহ পূর্বক জমা প্রদান করতে হবে।
- ০৬। অংশগ্রহনকারী প্রতিটি প্রতিষ্ঠানকে বাপবিবোর্ড কর্তৃক তালিকাভুক্তির অনুমোদনপত্র জমা দিতে হবে।
- ০৭। সুপারভাইজার পদে প্রশিক্ষণের জন্য ন্যূনতম যোগ্যতা এইচএসসি পাশ অথবা যে কোন বিভাগে ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং পাশের সনদ এর মূল ও সত্যায়িত কপি সঙ্গে আনতে হবে।
- ০৮। লাইনম্যান পদে প্রশিক্ষণের জন্য ন্যূনতম যোগ্যতা অষ্টম শ্রেণী অথবা জেএসসি পাশের সনদের মূল ও সত্যায়িত কপি আনতে হবে।
- ০৯। প্রশিক্ষণার্থীকে জন্ম সনদের মূল ও সত্যায়িত কপি অথবা ইউনিয়ন পরিষদ/পৌরসভা চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিক সনদ আনতে হবে।
- ১০। প্রশিক্ষণার্থীকে জাতীয় পরিচয় পত্রের মূল ও সত্যায়িত কপি সঙ্গে আনতে হবে। (যদি থাকে)
- ১১। প্রশিক্ষণার্থীকে বয়স কোর্স শুরুর তারিখ সর্বনিম্ন ১৮ (আঠার) বৎসর হতে হবে।
- ১২। কোন প্রশিক্ষণার্থী একাধিক প্রতিষ্ঠানে কিংবা একই প্রতিষ্ঠানের একাধিক প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহন করতে পারবেন না।
- ১৩। প্রশিক্ষণার্থীর আবেদন পত্রের ক্রমিক নং-০৪ এ উল্লেখিত সাইজের ছবি ঐটে দিয়ে এমনভাবে কোর্স আয়োজনকারী প্রতিষ্ঠানের গোল সীল মারতে হবে যাতে সীলের ছাপের অর্ধেক অংশ আবেদন পত্রের উপর এবং অবশিষ্ট অংশ ছবির উপরের কর্ণারে থাকে। একই প্রক্রিয়ায় কোর্সের সমন্বয়কারী ছবির নিচে কর্ণারে তার নাম যুক্ত প্রদান করবেন। এক্ষেত্রে স্বাক্ষর ও সীলে ছাপের অর্ধেক অংশ আবেদনপত্রের উপর এবং অবশিষ্ট অর্ধেক অংশ ছবির নীচের কর্ণারে থাকে।
- ১৪। কাঠের ও এসপিসি পোলে আরোহন এবং অনুশীলনের জন্য বুট জুতা ও ক্লাইম্বার সেট সহ কোর্স শুরুর দিন সকাল ০৯:০০ ঘটিকায় প্রশিক্ষণার্থীকে নির্ধারিত প্রশিক্ষণ স্থলে উপস্থিত থাকতে হবে।

